যুগান্তর

তারিখ ... 5 JUN 2017
পৃষ্ঠা ৩ ... কলাম ...

কলেজে ভর্তির আবেদনের ফল আজ

# 'একশ' কলেজেই ৪১ শতাংশ আবেদন!

যুগান্তর রিপোর্ট

সারা দেশে ৯ হাজার ৮৩ কলেজ থাকলেও মাত্র ১০০টিতেই ভর্তির আবেদন পড়েছে মোট আবেদনের প্রায় ৪১ শতাংশ। আর ৫৯ শতাংশ আবেদন পড়েছে বাকি কলেজগুলোতে। অধিকাংশ শিক্ষার্থী বিভাগীয় বা বড় শহরের কলেজে আবেদন করেছে। পাশাপাশি ১০টি পর্যন্ত কলেজে সুযোগ থাকলেও গড়ে ৫টিতে বেশিরভাগ শিক্ষার্থী আবেদন করেছে। এসব কারণে এবারও ভর্তি নিয়ে জটিলতা দেখা দিতে পারে। অনেকেই প্রথম তালিকার কলেজ পাবে না বলে আশঙ্কা দেখা দিয়েছে। সংশ্লিষ্টদের সঙ্গে আলোচনা করে এ তথ্য পাওয়া গেছে। এদিকে আবেদনের ফল আজ প্রকাশ করার কথা রয়েছে। তবে কখন প্রকাশ করা হবে সে সম্পর্কে রোববার রাত ৭টা পর্যন্ত সিদ্ধান্ত নেয়া যায়নি।

সারা দেশে ১৩ লাখ ১০ হাজার ৯১৪ শিক্ষার্থী একাদশ শ্রেণীতে ভর্তির জন্য

■ পৃষ্ঠা ৭ : কলাম ৩

## 'একশ' কলেজেই ৪১ শতাংশ আবেদন!

(৩য় পৃষ্ঠার পর)

আবেদন করেছে। এসব শিক্ষার্থী গড়ে ৫টি করে কলেজে আবেদন করেছে। সে হিসাবে ৬৫ হাজারের কিছু বেশি আবেদন পড়েছে। এরমধ্যে ২৬ লাখ ৪১ হাজার ২৯০টি আবেদনই পড়েছে ঢাকাসহ বড় শহরের ১০০টি কলেজে। সে হিসাবে মোট আবেদনের ৪০ দশমিক ৬৩ শতাংশ পড়েছে এসব কলেজে। জানা গেছে, ঢাকা বোর্ডের শীর্ষ ১০ কলেজে আবেদন পড়েছে ৩ লাখ ৩০ হাজার ৯৫১টি। কুমিল্লা বোর্ডের শীর্ষ ১০ কলেজে আবেদন পড়েছে ১ লাখ ১টি। রাজশাহী বোর্ডের ১০ কলেজে পড়েছে ২ লাখ ৭৯ হাজার ৭৭টি; চট্টগ্রামের ১০ কলেজে পড়েছে ১ লাখ ৯৫ হাজার ৬২৯টি; বরিশালের ১০ কলেজে পড়েছে ৭৪ হাজার ২১৬টি; সিলেটের ১০ কলেজে পড়েছে ৭২ হাজার ২৮২টি; দিনাজপুরের ১০ কলেজে পড়েছে ১ লাখ ৩৪ হাজার ৯৬৮টি এবং যশোর বোর্ডের ১০ কলেজে আবেদন পড়েছে ১ লাখ ২২ হাজার ৪৩টি। আর মাদ্রাসা বোর্ডের অধীন ১০ প্রতিষ্ঠানে পড়েছে ১৪ হাজার ৮৬৪টি। কারিগরি বোর্ডের ১০ প্রতিষ্ঠানে পড়েছে ১৬ হাজার ৪১১টি। সারা দেশে আসন আছে ২৮ লাখ ৬২ হাজার ৯টি। ভর্তির আবেদন করেছে ১৩ লাখ ১০ হাজার ৯১৪ শিক্ষার্থী। এ হিসাবে সবাই ভর্তি হলে ১৫ লাখ ৫১ হাজার ৯৫ আসনে ভর্তির কেউ থাকছে না।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এম.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর